

ভর্তি ফিতে ৫০ শতাংশ ছাড় দিয়ে মানারাত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে স্প্রিং-২০২৩ সেমিস্টারের ভর্তি মেলা শুরু হয়েছে। মঙ্গলবার এ মেলার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. নজরুল ইসলাম। ১০ দিনের এ মেলা চলবে ১০ নভেম্বর পর্যন্ত। ভর্তি ফিতে ছাড় ছাড়াও যাঁরা ‘স্পট অ্যাডমিশন’ নেবেন, তাঁদের জন্য রয়েছে আকর্ষণীয় পুরস্কার।

বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, মেলা চলাকালে ৫০ শতাংশ ছাড়ে ভর্তি হওয়া যাবে। এ ছাড়া এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে টিউশন ফির ওপর যথারীতি ১০০ শতাংশ পর্যন্ত ছাড় থাকছে। এর মধ্যে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় যাঁদের দুটি মিলে চতুর্থ

বিষয় ছাড়া জিপিএ-১০ রয়েছে, তাঁরা টিউশন ফিতে শতভাগ ছাড় পাবেন। বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং গরিব ও মেধাবীদেরও ১০০ শতাংশ পর্যন্ত ছাড়ে পড়ার সুযোগ রয়েছে।

ইইই (রেগুলার ও ইভেনিং), সিএসই (ইভেনিং), ইসলামিক স্টাডিজ (রেগুলার ও সাপ্তাহিক), এমবিএ (রেগুলার ও এক্সিকিউটিভ) এবং এমএ ইন ইংলিশ (রেগুলার ও ইভেনিং) বিষয়ে যাঁরা ভর্তি হতে ইচ্ছুক তাঁদের জন্য বিশেষ ছাড় থাকবে। ভর্তি-ইচ্ছুকদের ০১৭০৯১২৬৩৯১, ০১৭০৯১২৬৩৯৪, ০১৮১৯২৪৫৮৯৫ অথবা ০১৭৮০৩৬৪৪১৪-৫ নম্বরে যোগাযোগ করতে বলা হয়েছে।